দৈনিক জনকণ্ঠ

তারিখ ..13 JAN 2015 ...
..8 ... ১৪ ..9 .....

# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষক বরখাস্ত

জাবি সংবাদদাতা ॥ প্রধানমন্ত্রীকে নিয়ে কটূক্তি এবং বিশ্ববিদ্যালয়ের নিয়ম অমান্য করায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষককে চাকরি থেকে বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সোমবার বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়। চাকুরিচ্যুত ওই দুই শিক্ষক হলেন ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আই আই টি)-এর সহকারী অধ্যাপক ড. মুফতি মাহমুদ এবং প্রভাষক মোঃ রুহুল আমিন খন্দকার। অব্যাহতির এ বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক। এদের মধ্যে প্রভাষক মোঃ রুহুল আমিন খন্দকারকে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে কটূক্তি করার অভিযোগ রয়েছে বলে জানিয়েছে প্রশাসন।

অন্যদিকে ড. মুফতি মাহমুদ'র বিরুদ্ধে নিয়ম অমান্য করে ছুটি কাটানোর অভিযোগ রয়েছে। জানা যায়, তিনি বিশ্ববিদ্যালয় থেকে ছুটি নিয়ে বিদেশে যাওয়ার পর যথাসময়ে কর্মক্ষেত্রে যোগদান করেননি। বিশ্ববিদ্যালয় প্রশাসন ৩ বছরে কয়েকবার নোটিস দেয়া সত্ত্বেও তিনি চাকরিতে যোগদান না করায় তাঁকে চাকরিচ্যুত করা হয়েছে।